

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১১, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

বিআরটিএ সংস্থাপন অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২০ মার্চ ২০১৮

নং ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-১২২—নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে ০৪টি (গোপালগঞ্জ জেলার কোটালিপাড়া, চট্টগ্রাম জেলার নাজিরহাট, টাঙ্গাইল জেলার এলেঙ্গা, ময়মনসিংহ জেলার হালুয়াঘাট) পৌরসভা সাধারণ নির্বাচন ও সুনামগঞ্জ পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন আগামী ২৯ মার্চ ২০১৮ তারিখ অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যালস অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী ০৪টি (গোপালগঞ্জ জেলার কোটালিপাড়া, চট্টগ্রাম জেলার নাজিরহাট, টাঙ্গাইল জেলার এলেঙ্গা, ময়মনসিংহ জেলার হালুয়াঘাট) পৌরসভা সাধারণ নির্বাচন ও সুনামগঞ্জ পৌরসভার মেয়রের শূন্য পদে উপনির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৮ মার্চ, ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ২৯ মার্চ, ২০১৮ তারিখ মধ্যরাত ১২:০০ ঘটিকা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

(১) বেবী ট্যাক্সি/অটোরিকশা	(৪) জীপ	(৭) বাস
(২) ট্যাক্সি ক্যাব	(৫) পিক আপ	(৮) ট্রাক
(৩) মাইক্রোবাস	(৬) কার	(৯) টেম্পো

২। এছাড়া, ২৬ মার্চ, ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ ঘটিকা হতে ৩০ মার্চ, ২০১৮ তারিখ সকাল ৬:০০ ঘটিকা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

(৪০৯৫)

মূল্য ৪ টাকা ৪.০০

৩। এ নিষেধাজ্ঞা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষকে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ কামরুল আহসান
যুগ্মসচিব।